

প্রথম আলো

বুধবার ২৬ নভেম্বর ২০০৮

কম্পিউটার প্রতিদিন

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে ৬০০ ভোট সংগ্রহ

ইন্টারনেটের মাধ্যমে বিশ্বের প্রাকৃতিক সঙ্গীচর্চ নির্বাচনে বাংলাদেশের কক্সবাজার ও সুন্দরবনের জন্য ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে ভোট সংগ্রহ করা হলো। গতকাল মঙ্গলবার বাংলাদেশ পর্যটন করপোরেশন (বিপিসি) এবং ব্র্যাক বিশ্ববিদ্যালয় ন্যাশনাল হেরিটেজ ফোরাম (বিইউএনএইচএফ) এর আয়োজন করে।

ঢাকার ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে এ আয়োজনের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. জামিলুর রেজা চৌধুরী ও বাংলাদেশ পর্যটন করপোরেশনের চেয়ারম্যান শফিক আলম মেহেদী। জামিলুর রেজা চৌধুরী বলেন, 'আমাদের দেশকে বিশ্বদরবারে তুলে ধরতে এই সুযোগকে কাজে লাগাতে হবে। এজন্য সবার অংশগ্রহণই পারে আমাদের নিজস্ব ঐতিহ্য সারা বিশ্বের মাঝে তুলে ধরতে।' শফিক আলম মেহেদী প্রাকৃতিক সঙ্গীচর্চ নির্বাচনে বাংলাদেশের কক্সবাজার ও সুন্দরবনের পক্ষে ভোট সংগ্রহের জন্য বিভিন্ন কার্যক্রমের নানা দিক তুলে ধরেন। তিনি বলেন, 'আমাদের নিজস্ব ঐতিহ্য তুলে ধরতে আমাদের নিজেদেরই এগিয়ে আসতে হবে। আমাদের দেশে অনেক ঐতিহ্য থাকে সত্ত্বেও বিশ্বের অনেক দেশেরই আমাদের দেশ সম্পর্কে ভালো ধারণা নেই। এখন আমাদের সুযোগ এসেছে এ বিষয়টি তুলে ধরার। আমরা নিজেরা চেষ্টা করে যাবছি।



ভোট সংগ্রহের আয়োজনে জামিলুর রেজা চৌধুরী ও শফিক আলম মেহেদী

পাশাপাশি প্রয়োজন সবার সচেতনতা।' অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য ড. সালেহ উদ্দিন আহমেদ, ব্র্যাক বিজনেস স্কুলের ডিন অধ্যাপক ইফতেখার গণি চৌধুরী। উপস্থিত অতিথিদের ভোটদানের মাধ্যমে ভোট সংগ্রহ প্রক্রিয়ার আনুষ্ঠানিক উদ্বোধন হয়। দিনব্যাপী ভোট সংগ্রহের এ অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী, শিক্ষক ও কর্মকর্তারা ভোট দেন। আয়োজকেরা জানান, সারাদিনে প্রায় ৬০০ ভোট সংগৃহীত হয়েছে।

—নূরুন্নাহার হাছিব